

B.A. 6th Semester (Honours) Examination 2022

বাংলা

Course Title : নাট্যসাহিত্য

Course ID : 60117

Course Code : AHBNG-604-DSE-4

সময় : ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০
- ক) 'ট্রাজেডি' শব্দটি কোন শব্দ থেকে এসেছে? শব্দটির অর্থ কী?
- খ) 'মেলোড্রামা' বলতে কী বোঝ?
- গ) বাঙালির দ্বারা প্রতিষ্ঠিত প্রথম নাট্যশালা কোনটি? এটি কে প্রতিষ্ঠা করেছিলেন?
- ঘ) 'ন্যাশনাল থিয়েটারে'-র দুইজন পৃষ্ঠপোষকের নাম লেখো।
- ঙ) 'নটী বিনোদিনী' নাটকটি কখন কোন নাট্যমঞ্চে অভিনীত হয়েছিল?
- চ) 'নটী বিনোদিনী' নাটকের দুটি পুরুষ ও দুটি নারী চরিত্রের নাম লেখো।
- ছ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকের প্রথম সংলাপটি কার? তিনি কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছেন?
- জ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে বার্নার্ড শ-এর কোন কোন নাটকের কথা বলা হয়েছে?
- ২। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০
- ক) ট্রাজেডি ও কমেডির পার্থক্যগুলি সংক্ষেপে আলোচনা করো।
- খ) সখের নাট্যশালার ইতিহাসে 'বেলগাছিয়া নাট্যশালা'র অবদান সংক্ষেপে আলোচনা করো।
- গ) 'নটী বিনোদিনী' নাটকে রামকৃষ্ণ পরমহংস দেব চরিত্রটির নাট্যোপযোগিতা বিচার করো।
- ঘ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে মাসীমা চরিত্রটির চিরকালীন মাতৃত্বের স্বরূপটি আলোচনা করো।
- ৩। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- ক) 'কমেডি' বলতে কী বোঝ? উদাহরণসহ কমেডির বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করো।
- খ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে বেঙ্গলী থিয়েটারের গুরুত্ব আলোচনা করো।
- গ) 'নটী বিনোদিনী' নাটকে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্রের পরিচয় দাও।
- ঘ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো।